

সতত শিয়রে জাগো

আহা, কত অপরাধ করেছি, আমি
তোমারি চরণে, মাগো!
তবু, কোল-ছাড়া মোরে করনি, আমায়
ফেলে চ'লে গেলে না গো!

আমি, চলিয়া গিয়েছি আসি বলে,
তুমি, বিদায় দিয়েছ আঁখি-জলে,
কত, আশীষ করেছ, বলেছ, বাছারে,
যেন সাবধানে থাকো;
আর, পড়িলে বিপদে, যেন প্রাণ ভরে,
মা, মা ব'লে ডাকো।

যবে, মলিন হৃদয়, তপ্ত,
লয়ে, ফিরিয়াছি, অভিশপ্ত!
বলেছি, মা আমি করিয়াছি পাপ,
ক্ষমা ক'রে পায়েরা রাখো;
তুমি, মুছি আঁখিজল, বলিয়াছ বল
আর ও পথে যাবো নাকো।

আমি, পড়িয়া পাতক-শয়নে,
চাহি, চারিদিকে দীন নয়নে,
প্রলাপের ঘোরে কত কটু বলি,
মা তবু নাহি রাগো;
আমি দেখি বা না দেখি, বুঝি বা না বুঝি,
সতত শিয়রে জাগো!